‘তোমাদেরকে মিসওয়াক করার জন্য খুব বেশি তাকীদ করেছি।’

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘তোমাদেরকে মিসওয়াক করার জন্য খুব বেশি তাকীদ করেছি।’
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় উম্মতের ওপর মিসওয়াক ব্যবহার করা ও নিয়মিতভাবে ব্যবহার করার অধিক গুরুত্ব দিয়েছেন, তবে মুস্তাহাব হিসেবে, ওয়াজিব হিসেবে নয়। কারণ, এতে রয়েছে অনেক উপকার ও মহা ফযীলত। তন্মধ্যে সবচেয়ে মহৎ ও বড় ফযীলত হচ্ছে এই যে, এটি আল্লাহ সুবহানাহু ওয়াতা‘আলার সন্তুষ্টির কারণ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3572